



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৯.৩৭৫

তারিখ: ২৭ অগ্রহাষণ ১৪২৮

১২ ডিসেম্বর ২০২১

বিষয়: উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি), সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)সহ অন্যান্য সকল প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে মনোনীত কর্মকর্তাগণ-কে যথাসময়ে অবমুক্তকরণ।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখার স্মারক
নম্বর:০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৯.৩৭৪;তারিখ: ১২ ডিসেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অধিকতর গতিশীল, সমন্বিত ও জনবান্ধব প্রশাসন ব্যবস্থা নিশ্চিতকরণে যথোপযুক্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সিভিল সার্ভিসের সামর্থ্য বৃদ্ধি ও দক্ষ জনপ্রশাসন গড়ে তোলা অপরিহার্য এবং এটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অন্যতম মুখ্য দায়িত্ব। সে লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (এফটিসি), আইন ও প্রশাসন প্রশিক্ষণ কোর্স, উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি) ও সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) ও পলিসি প্ল্যানিং ও ম্যানেজমেন্ট কোর্স (পিপিএমসি)-শীর্ষক প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়ে থাকে।

২। বর্ণিত কার্যক্রম নিয়মিত গ্রহণ করা সত্বেও প্রায়ই লক্ষ্য করা যাচ্ছে যে, এসিএডি ও এসএসসি-তে অংশগ্রহণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হলেও মনোনীত কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণ করেন না বা সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা থেকে মনোনীত কর্মকর্তাকে কোর্সে অংশগ্রহণের ছাড়পত্র প্রদান করা হয় না। ফলে যথাসময়ে উক্ত প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা সম্ভব না হওয়ায় একদিকে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ভূমিকা প্রশ্নবিদ্ধ হচ্ছে, অপরদিকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিএ টার্গেট অর্জন বাধাগ্রস্ত হচ্ছে।

৩। এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে পরিচালিত উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি), সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) সহ অন্যান্য সকল প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে মনোনীত কর্মকর্তাগণ-কে যথাসময়ে অবমুক্তকরণের জন্য নির্দেশক্রমে সর্বিনয় অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: ৯৯তম এসএসসি কোর্সের মনোনয়ন আদেশ

১২-১২-২০২১

মোঃ আবদুর রউফ মিয়া

যুগ্মসচিব

ফোন: ৯৫১৫৫২৫

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) বিভাগীয় কমিশনার,

ইমেইল: it1@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৯.৩৭৫/১(১৭)

তারিখ: ২৭ অগ্রহাষণ ১৪২৮
১২ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৩) রেক্টর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
- ৪) মহাপরিচালক/চেয়ারম্যান/নিবন্ধক,
- ৫) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতি জন্য)
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০) অফিস কপি/মাস্টার ফাইল

১২-১২-২০ ২১

মোঃ আবদুর রউফ মিয়া
যুগ্মসচিব